

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৩১

তারিখ: ৭ মাঘ ১৪৩০

২১ জানুয়ারি ২০২৪

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকায় দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৫১০/২০২৩
পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: জামাল হোসেন, ডাটা এন্ট্রি অপারেটর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এবং গং প্রকল্পের নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক ডাটা এন্ট্রি অপারেটর পদের চাকরির ধারাবাহিকতা বজায় রেখে প্রকল্পে যোগদানের তারিখ থেকে সার্ভিস গণনা করে বেতন গ্রেড-১১ নির্ধারণ, সিলেকশন গ্রেড, টাইমস্কেল, উচ্চতর গ্রেড প্রদানসহ আনুষঙ্গিক সুবিধা পাওয়ার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকায় প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৫১০/২০২৩ দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১ নং বিবাদী এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৬ (ছয়) জন-কে বিবাদী করা হয়েছে। বিবাদীগণকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠ সহ (যদি থাকে) অনুলিপি সহকারে ০২ (দুই) প্রস্তুত আগামী ১৪/০৩/২০২৪ তারিখ সকাল ১০.০০ টার মধ্যে উক্ত প্রশাসনিক ট্রাইব্যুনালে দাখিল করার নির্দেশনা রয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকায় দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৫১০/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

- প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৫১০/২০২৩-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা;
- উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা;
- উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২১-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৩১/১(৫)

তারিখ: ৭ মাঘ ১৪৩০
২১ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) সহকারী সচিব, আইন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) সহকারী সচিব, আইন শাখা-১, অর্থ বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



২১-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব